ভারতের নির্বাচন কমিশন
Election Commission of India

ভোটের পর্ব
দেশের গর্ব
লোকসভা নির্বাচন ২০২৪

একজন স্মার্ট
ভোটার হয়ে উঠুন

# ভোটারদের জন্য নির্দেশিকা

ভোটের মতো আর কিছু নেই, আমি অবশ্যই ভোট দেব

# নিবন্ধীকরণ প্রক্রিয়া

## অনলাইন

voters.eci.gov.in

**বা**

ভোটার হেল্পলাইন অ্যাপ

## অফলাইন

আপনার বি এল ও-র সঙ্গে যোগাযোগ করুন

**বা**

ভোটার সহায়তা কেন্দ্রে যোগাযোগ করুন

### নতুন ভোটার হিসাবে নথিভুক্তির জন্য আপনাকে

- একজন ভারতীয় নাগরিক হতে হবে
- ভোটগ্রহণ এলাকার একজন সাধারণ অধিবাসী হতে হবে
- ১৮ বছর বা তার বেশি বয়স হতে হবে

### নতুন ভোটার হিসাবে নথিভুক্তির ৪ টি উপযুক্ত তারিখ

- জানুয়ারি ০১
- এপ্রিল ০১
- জুলাই ০১
- অক্টোবর ০১

## নিজের বিশদ তথ্যগুলি যাচাই করে নিন

**ফর্ম ৮**

ঠিকানার পরিবর্তন/ বিভিন্ন তথ্য সংশোধন/ এপিক বদল/ শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত ভোটারদের চিহ্নিতকরণ

**ফর্ম ৭**


ভোটার তালিকায় কারো নাম সংযুক্তি ও বিয়োজনের ব্যাপারে আপত্তি

## ভোটার তালিকায় নিজের নাম খুঁজে নিন

ভোটার হেল্পলাইন অ্যাপ ব্যবহার করুন

voters.eci.gov.in
ceo_____.nic.in

১৯৫০ নম্বরে এস এম এস করুন
ECI<space> <EPIC No>



**ভোটার তালিকায় নাম থাকলে তবেই আপনি ভোট দিতে পারবেন।**

# ভোটের দিন

ছুটির দিন

ভোটদানের সুবিধার জন্য ভোটগ্রহণের দিনকে ছুটির দিন বলে ঘোষণা করা হয়

**এটি ছুটির দিন নয়, এটি ভোটদানের দিন**

ভোটগ্রহণ কেন্দ্রের অভ্যন্তরে কোনো গ্যাজেট নিয়ে যাওয়া অনুমোদিত নয়

**আপনার ভোটগ্রহণকেন্দ্র নিম্নলিখিতভাবে খুঁজে বের করুন**


voters.eci.gov.in

ভোটার হেল্পলাইনে ফোন করুন—১৯৫০

ভোটার হেল্পলাইন অ্যাপ

## ভোটদানের জন্য পরিচিতি প্রমাণের ক্ষেত্রে যে কোনো একটি অনুমোদিত নথি/ পরিচয়পত্র সঙ্গে রাখুন

- ভোটারদের সচিত্র পরিচয়পত্র (এপিক)
- আধার কার্ড
- প্যান কার্ড
- চাকরির পরিচয়পত্র
- শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত ভোটারদের বিশেষ পরিচয় পত্র (UDID)
- ফোটো সহ ব্যাংক/ ডাকঘরের পাসবই
- স্বাস্থ্যবিমার স্মার্টকার্ড (শ্রম মন্ত্রক)
- ড্রাইভিং লাইসেন্স
- পাসপোর্ট
- এন পি আর-এর অধীনে আর জি আই প্রদত্ত স্মার্টকার্ড
- পেনশনের নথি
- সাংসদ/ বিধায়ক/ পুরসভার কাউন্সিলারদের প্রদত্ত সরকারি পরিচয়পত্র
- এম এন আর ই জি এ—জব কার্ড



কোনোরকম বেআইনি কাজকর্মের ব্যাপারে সি ভিজিল অ্যাপ (cVIGIL App)-এর মাধ্যমে অবগত করুন।

# ভোটগ্রহণ প্রক্রিয়া

১



ভোটাররা সারিবদ্ধভাবে দাঁড়াবেন

২



পোলিং অফিসার ভোটার তালিকায় আপনার নাম ও পরিচয়পত্র পরীক্ষা করে দেখবেন

৩



পোলিং অফিসার আপনার আঙুলের নখে অমোচনীয় কালির দাগ দেবেন, আপনাকে একটি চিরকুট দেবেন ও আপনার স্বাক্ষর গ্রহণ করবেন

৪



পোলিং অফিসার আপনার কাছ থেকে চিরকুটটি নেবেন এবং আপনার হাতের নখে কালির দাগ পরীক্ষা করে দেখবেন

৫




ভোটার ইভিএমে পছন্দের প্রার্থী/নোটা-র বোতামে ভোটদানের জন্য চাপ দেবেন ও একটি লাল আলো জ্বলবে

NOTA

ইভিএম যন্ত্রে শেষ বিকল্প হিসাবে উপরের কেউই নন (নান অফ দ্য অ্যাবাভ) বা ‘নোটা’ বিকল্পটি থাকবে।

# আপনার ভোটদান


## ১




### ভোটদানের জন্য প্রস্তুত

আপনি ভোটদানকক্ষে প্রবেশ করলে তৃতীয় পোলিং অফিসার ব্যালট ইউনিট (বি ইউ) টিকে প্রস্তুত ও সক্রিয় করবেন। বি ইউ –তে READY আলোটি জ্বলবে।


## ২




### আপনার ভোটটি দিন

ব্যালট ইউনিটে আপনার পছন্দের প্রার্থীর নাম/প্রতীকচিহ্নের অথবা নোটা বিকল্পের পাশের নীল বোতামটি টিপুন।


## ৩




### আলোটি দেখুন

আপনার নির্বাচিত প্রার্থীর নাম/প্রতীকচিহ্নের অথবা নোটা বিকল্পের পাশের লাল আলোটি জ্বলবে।


## ৪




### আপনার ভোটটি যাচাই করে নিন

ভিভিপ্যাট থেকে আপনার পছন্দের প্রার্থী অথবা নোটা-র ক্রমিক নং, নাম ও প্রতীকচিহ্ন সম্বলিত ব্যালট স্লিপ মুদ্রিত ও প্রদর্শিত হবে।


## ৫



### 'বিপ' শব্দটি শুনুন


কন্ট্রোল ইউনিট থেকে আসা বিপ শব্দটি শুনলে বুঝবেন যে আপনি সফলভাবে ভোটদান করেছেন।

- যদি আপনি ভিভিপ্যাটের ব্যালট স্লিপটি না দেখতে পান বা জোরে বিপ শব্দটি না শুনতে পান, তাহলে তা প্রিসাইডিং অফিসারকে জানান।
- কাঁচের মধ্য দিয়ে স্লিপটি ৭ সেকেণ্ডের জন্য দেখা যাবে। মুদ্রিত স্লিপটি ভিভিপ্যাটে সুরক্ষিত থাকবে।




# ভারতের নির্বাচন কমিশনের ভোটার সহায়ক অ্যাপসমূহ

## সক্ষম- ই সি আই (Saksham - ECI)



- সহজে ব্যবহারের সুবিধাযুক্ত বিল্ট-ইন বৈশিষ্ট্যসমূহ
- নিজেকে শারীরিকভাবে প্রতিবন্ধকতাযুক্ত ভোটার হিসাবে চিহ্নিত করুন
- নতুন একজন শারীরিকভাবে প্রতিবন্ধকতাযুক্ত ভোটার হিসাবে নিবন্ধিত হওয়ার জন্য আবেদন করুন
- হুইল চেয়ারের জন্য আবেদন করুন

## ভোটার হেল্পলাইন অ্যাপ (Voter Helpline App)




নিবন্ধীকরণ ও নির্বাচন সংক্রান্ত পরিষেবার ব্যাপারে সর্বাত্মক সমাধান

প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিস্তারিত তথ্যাদি যাচাই করুন

আপনার ভোটার তথ্য স্লিপ বের করুন

## আপনার প্রার্থীকে জানুন (Know Your Candidate)



**আপনার নির্বাচনক্ষেত্রে প্রত্যেক প্রার্থী কর্তৃক প্রদত্ত হলফনামায় নিজেদের সম্পর্কে তাঁরা যে তথ্যাদি দিয়েছেন, তা দেখুন-**

যোগ্যতা, পূর্বকৃত অপরাধসমূহ, সম্পত্তি ও আর্থিক দায়সমূহ (যদি থাকে)

## সি ভিজিল অ্যাপ (cVIGIL App)



- নির্বাচন ঘোষণার দিন থেকে এই অ্যাপটি সক্রিয় ও কার্যকর হবে
- অবৈধ কার্যকলাপ/ আদর্শ আচরণবিধি ভঙ্গের ঘটনাগুলি জানান
- এটি একটি মোবাইল ফোনের মাধ্যমে সংযুক্ত

# সুনিশ্চিত ন্যূনতম সুবিধাদি

## শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত ভোটার ও বরিষ্ঠ নাগরিকদের জন্য

- র‍্যাম্প ও হুইল চেয়ার
- ব্রেইল লিপির সুবিধাযুক্ত ইভিএম
- বিশেষ স্বেচ্ছাসেবী
- ভোটকেন্দ্রে প্রবেশের ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত ভোটার ও বরিষ্ঠ নাগরিকদের অগ্রাধিকার
- সাংকেতিক ভাষা
- শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত ভোটারদের জন্য যাতায়াতের সুবিধা



## বাড়ি থেকে ভোটদানের সুবিধা/ পোস্টাল ব্যালট বা ডাক ভোটপত্রের সুবিধা

**ডি নিদর্শ পূরণের মাধ্যমে নির্বাচকরা (৮০ বছরের বেশি বয়সী বরিষ্ঠ নাগরিকগণ, প্রজ্ঞাপিত অত্যাবশ্যক পরিষেবায় নিযুক্ত ভোটার এবং স্বীকৃত শংসাপত্র রয়েছে এমন শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত ভোটাররা) বাড়ি থেকে ভোটদানের সুবিধা গ্রহণ করতে পারেন।**

# ভোটারদের অঙ্গীকার

"আমরা, গণতন্ত্রের অটল আদর্শে বিশ্বাসী ভারতের নাগরিকগণ, এতদ্দ্বারা আমাদের দেশের গণতান্ত্রিক ঐতিহ্য ও অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচনের মর্যাদা রক্ষা করার, এবং প্রতিটি নির্বাচনে নির্ভয়ে ও ধর্ম, বর্ণ, জাতি, সম্প্রদায়, ভাষা অথবা অন্য কোনো প্ররোচনার বশবর্তী না হয়ে ভোটদানের অঙ্গীকার করছি।"

ভোটের পর্ব
দেশের গর্ব
লোকসভা নির্বাচন ২০২৪

**voters.eci.gov.in**
এর মাধ্যমে অনলাইন পদ্ধতিতে নিবন্ধীকরণ করুন অথবা আপনার তথ্যাদি যাচাই করুন

যে অ্যাপগুলি ইনস্টল করবেন

KYC
KNOW YOUR CANDIDATE

eci.gov.in

আমি অবশ্যই ভোটদান করি

ভোটার হেল্পলাইন
১৯৫০

fb.com/ECI | @ecisveep | youtube.com/eci | @ecisveep | Election Commission of India